# Times Today BD

শাহজাহান আলী বিপাশ | দেশজুড়ে | 01 June, 2025

ঝিনাইদহের হরিণাকুণ্ডুতে বিএনপির ফ্রি মেডিকেল ক্যাম্পে পাঁচ'শ অসহায় মানুষকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে শনিবার দিনব্যাপী এ সেবা কার্যক্রম চালানো হয়।

বেলা ১১টায় হরিণাকুণ্ডু উপজেলার চাঁদপুর ইউনিয়নের দরিবিন্নী মাধ্যমিক বিদ্যালয়ে এ মেডিকেল ক্যাম্পের উদ্বোধন করেন ঝিনাইদহ জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ।

ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজক সংস্থা নাগরিক হেলথ সার্ভিসের ব্যবস্থাপনা পরিচালক আমিরুল ইসলাম ফাহিম জানান, গ্রামের দুস্থ অসহায় মানুষের চিকিৎসা সেবা দেওয়ার উদ্দেশ্যে ফ্রি মেডিকেল ক্যাম্প আয়োজন করা হয়। শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ ও মানবিক রাষ্ট্র গঠনের পথনির্দেশনার আলোকে প্রতি তিন মাসে অন্তত একবার এই স্বাস্থ্য ক্যাম্প পরিচালনা করা হবে।

আমিরুল ইসলাম ফাহিম বলেন, প্রায় ৫০০ অসহায় মানুষকে বিনামূল্যে চিকিৎসা সেবা ও ওষুধ দেয়া হবে। আগামীতে এ কার্যক্রম চালু রাখতে আমরা পরিকল্পনা নিয়ে এগিয়ে যাবো।

জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ বলেন, শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ছিলেন দেশপ্রেমিক নেতা। মানুষের জন্য তিনি ছিলেন এক মানবিক উন্নয়নের স্বপ্ন দ্রষ্টা। বহুদলীয় গণতন্ত্রের প্রতিষ্ঠাতা শহিদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের আদর্শ লালন করে আমরা অসহায় মানুষের চিকিৎসা, শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি উন্নয়নে কাজ করে যাবো।

ফ্রি মেডিকেল ক্যাম্পে উপস্থিত ছিলেন চাঁদপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল হান্নান মোল্লা, সাধারণ সম্পাদক ওলিয়ার রহমান, জেলা ছাত্রদলের সহ ক্রীড়া সম্পাদক সজিব মালিতা প্রমুখ।

চিকিৎসা বিএনপি ঝিনাইদহ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 08:55

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/3218775807